



## বিদ্যুৎ বিভাগ

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

### চলমান দাবদাহ ও ধীম মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্য সম্মানিত বিদ্যুৎ গ্রাহকগণের প্রতি আহ্বান

সম্মানিত গ্রাহকগণকে জানানো যাচ্ছে যে, বিগত ১৫ বছরে বিদ্যুৎ খাতে অভূতপূর্ব সাফল্য অর্জন সত্ত্বেও চলমান দাবদাহে বিদ্যুতের চাহিদা অস্থাভাবিক হারে বৃদ্ধি পেয়েছে। তা সত্ত্বেও গ্রাহকদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা প্রদানে বিদ্যুৎ বিভাগ আন্তরিকভাবে কাজ করছে এবং একইসাথে গ্রাহকদের আরও পরিমিত ও সাশ্রয়ী বিদ্যুৎ ব্যবহারে আহ্বান জানাচ্ছে। চলমান দাবদাহ ও ধীম মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখার লক্ষ্যে গ্রাহকগণের সহযোগিতা কামনা করে নিম্নোক্ত বিষয়সমূহের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

- ১. রাত ৮:০০ টার পর শপিংমল ও বাণিজ্যিক প্রতিষ্ঠান বন্ধ রাখুন।
- ২. নিম্নহারে বিদ্যুৎ বিল সুবিধা প্রাপ্তির লক্ষ্যে দোকান, শপিং মল, পেট্রোল পাম্প ও সিএনজি স্টেশনে অতিরিক্ত বাতি ব্যবহারে বিরত থাকুন।
- ৩. সরকারি নির্দেশনা অনুযায়ী হলিডে স্ট্যাগারিং প্রতিপালন করুন।
- ৪. এসি'র তাপমাত্রা ২৫°C বা এর উপরে রাখুন।
- ৫. দুর্ঘটনা এড়ানোর লক্ষ্যে ছুকিং বা অবৈধ বিদ্যুৎ সংযোগ থেকে বিরত থাকুন।
- ৬. বেআইনীভাবে ইজিবাইক ও মটর চালিত রিক্সার ব্যাটারি চার্জিং থেকে বিরত থাকুন।
- ৭. বিদ্যুতের অপচয় রোধে বিদ্যুৎ সাশ্রয়ী যন্ত্রপাতি ব্যবহার করুন।
- ৮. সর্বোপরি বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হউন। এতে আপনার লাভ তথা দেশের লাভ।

বিদ্যুৎ সেবা প্রাপ্তিতে আপনার যে কোন অভিযোগ বা তথ্যের জন্য বিদ্যুৎ বিভাগের হট লাইন নম্বর ১৬৯৯৯ এ যোগাযোগ করুন।

সাইজ: ৬X৮ (রঙিন)

প্রকাশ: ৩০.০৪.২০২৪